Akashbani Kolkata

Regional News Unit

Date: 04.11.2026 **Desk in Charge :- SDG**
Time: 7-35 AM **Edit & Compile.: NBR**
DEO :- KB **NRT: Namami Basu Rudra**

Annoucement - আকাশবাণী/খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ গ্রামীণ এলাকার উন্নয়নে বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে রাজ্য সরকার আজ বৈঠকে বসতে চলেছে।

২/ নির্বাচন কমিশন জানিয়েছে, SIR চলাকালীন, খসড়া ভোটার তালিকায় নাম না থাকা ভোটারদের নাম তোলার ক্ষেত্রে ফর্ম সিক্স-এ দেওয়া 'ঘোষণা'-কে, 'সত্য' বলে গণ্য করা হবে।

৩/ জনগণনার কাজের জন্য মাধ্যমিকের পর এবার পিছিয়ে যেতে পারে উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারও।

৪/ 'স্বাস্থ্যসাথী' প্রকল্পে যে পাহাড় প্রমাণ দুর্নীতির তথ্য সামনে এসেছে, তার তদন্ত অন্য কোনো সংস্থাকে দিয়ে করানোর প্রস্তাব দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায়।

৫/ বক্সা থেকে অসম চলে যাওয়া বাঘিনীটিকে, আলিপুরদুয়ারে ফিরিয়ে আনা হয়েছে।

৬/ কালীপুজো ও দীপাবলি উপলক্ষে রাত্রিকালীন EMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে, পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন।

****

১২৫ দিনের কাজ ভিবিজি রামজি প্রকল্প, 'প্রধানমন্ত্রী আবাস যোজনা' সহ গ্রামীণ এলাকার উন্নয়নে বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করতে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে আজ বিধাননগরের মৃত্তিকা ভবনে প্রস্তাবিত এই বৈঠকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ, প্রতিমন্ত্রী শান্তনু প্রামাণিক, দপ্তরের সচিব ছাড়াও আধিকারিকদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে বিডিওদেরও ভার্চুয়ালি উপস্থিত থাকতে বলেছে সরকার।

****

রাজ্য সরকার বিভিন্ন সমবায় সমিতিতে নব নিযুক্ত আধিকারিকদের নিয়োগ পত্র দিতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্ন সংলগ্ন সভাঘরে সমবায় দপ্তরের উদ্যোগে প্রস্তাবিত এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে এই আধিকারিকদের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

****

উৎসবের মরসুমে উত্তরবঙ্গের বন্ধ ও অচল চা বাগান শ্রমিকদের পাশে দাঁড়াতে রাজ্য সরকার ১৯ হাজার ৫২৪ জন চা শ্রমিককে এককালীন ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছে। এই খাতে মোট ব্যয় হবে ৯ কোটি ৭৬ লক্ষ ২০ হাজার টাকা। উত্তরবঙ্গ সফরকালে গতকাল মুখ্যমন্ত্রী একথা জানান।

(বাইট- মুখ্যমন্ত্রী)

****

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী ৯ ডিসেম্বর, কালিম্পং মেডিক্যাল কলেজের শিলান্যাস করবেন। গতকাল উত্তরকন্যায় এক প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে যোগ দেন মুখ্যমন্ত্রী। সেখানেই দার্জিলিং পাহাড়, তরাই, ডুয়ার্স ও উত্তরবঙ্গের উন্নয়নের জন্য একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের অনুমোদন মিলেছে। দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা বৈঠক শেষে জানান, উন্নত যোগাযোগ ব্যবস্থা, শক্তিশালী স্বাস্থ্য পরিষেবা, খেলাধুলার পরিকাঠামো বৃদ্ধি, ধর্মীয় ঐতিহ্য সংরক্ষণ এবং পর্যটন পরিকাঠামোর উন্নয়নে একগুচ্ছ প্রকল্প হাতে নেওয়া

হয়েছে। বৈঠকে কার্শিয়াং থেকে দার্জিলিং পর্যন্ত প্রায় ২১ কিলোমিটার দীর্ঘ রোপওয়ে প্রকল্পের অনুমোদনও দেওয়া হয়েছে। এই প্রকল্প বাস্তবায়িত হলে পাহাড়ের অন্যতম গুরুত্বপূর্ণ দুই পর্যটনকেন্দ্রের মধ্যে বিকল্প যোগাযোগ ব্যবস্থা তৈরি হবে। একইসঙ্গে দার্জিলিং যাওয়ার পথে যানজট কমানো সম্ভব হবে বলে মনে করা হচ্ছে। পাশাপাশি দার্জিলিংয়ের ঐতিহাসিক লেবং গ্রাউন্ডকে আধুনিক স্টেডিয়ামে রূপান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দার্জিলিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ ধর্মীয় ও পর্যটনস্থল মহাকাল মন্দিরের সৌন্দর্যায়ন, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য ১৯ কোটি টাকা বরাদ্দের অনুমোদন দেওয়া হয়েছে বলেও জানিয়েছেন রাজু বিস্তা।

****

বিশেষ নিবিড় সংশোধন-SIR চলাকালীন, খসড়া ভোটার তালিকায় নাম না থাকা ভোটারদের জন্য নির্বাচন কমিশন বলেছে, ফর্ম সিক্স জমা দিয়ে তারা চূড়ান্ত তালিকায় নাম তুলতে পারবেন। এব্যাপারে যেকোনো বিভ্রান্তি দূর করতে কমিশন স্পষ্ট করে দিয়ে জানিয়েছে, এক্ষেত্রে ফর্ম সিক্স-এ দেওয়া 'ঘোষণা'-কে, 'মিথ্যা' বলে গণ্য করা হবেনা। কিংবা ১৯৫০-এর জন প্রতিনিধিত্ব আইনের ৩১ নম্বর ধারায় তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থাও নেওয়া হবে না। এসংক্রান্ত নির্দেশ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্য নির্বাচনী আধিকারিকদের চিঠি দিয়ে জানিয়ে দিয়েছে কমিশন। একইসঙ্গে তাদের বক্তব্য, বিভিন্ন গণমাধ্যমে স্থানীয় ভাষায়, এই নির্দেশিকা ব্যাপকভাবে প্রচার করতে হবে।

উল্লেখ্য, গতমাসে দিল্লি হাইকোর্টের দেওয়া নির্দেশ উল্লেখ করে কমিশন জানিয়েছে, SIR চলাকালীন বা তার পরে কোনো ভোটার ফর্ম সিক্স জমা দিলে, তাঁর বিরুদ্ধে জনপ্রতিনিধিত্ব আইনে ব্যবস্থা নেওয়া যাবেনা। তবে শর্ত হল- ওই ভোটার যেন কোনো অন্য লোকসভা বা বিধানসভা কেন্দ্রে নথিভুক্ত না থাকেন এবং তার 'ঘোষণা পত্র' যেন আইনসম্মত হয়।

****

ফর্ম-সেভেন জমা দেওয়ার ক্ষেত্রে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস এবং বামফ্রন্ট একযোগে নতুন নিয়মের বিরোধিতা করেছে। গতকাল ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন-

SSR নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকের ডাকা সর্বদলীয় বৈঠক শেষে বিরোধীদের অভিযোগ, নতুন নিয়মে একটি বিধানসভা কেন্দ্রের যে কোনও ব্যক্তি ১০টি করে ফর্ম-সেভেন জমা দিয়ে ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবেন। তাদের দাবী, এর ফলে প্রকৃত ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়ার পথ আরো প্রশস্ত হবে। তবে বিজেপি এই অভিযোগ খারিজ করে জানিয়েছে, ভোটার তালিকার অসঙ্গতি দূর করতেই এই প্রক্রিয়া প্রয়োজন।

****

জনগণনার কাজের জন্য মাধ্যমিকের পর এবার পিছিয়ে যেতে পারে উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টারও। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছে, রুটিন চূড়ান্ত না হলেও মাধ্যমিক পরীক্ষা শেষ হওয়ার পর মার্চের শেষে, উচ্চ মাধ্যমিকের চতুর্থ সেমিস্টার শুরু হতে পারে। এর জন্য শিক্ষা দফতরের কাছে প্রস্তাব পাঠিয়েছে সংসদ।

উল্লেখ্য, পরিবর্তিত সূচি অনুযায়ী, মাধ্যমিক দোসরা মার্চ শুরু হয়ে ১৬ মার্চ পর্যন্ত চলবে বলে শিক্ষা দফতরের কাছে প্রস্তাব দিয়েছে মধ্যশিক্ষা পর্ষদ।

****

‘স্বাস্থ্যসাথী’ প্রকল্পে যে পাহাড় প্রমাণ দুর্নীতির তথ্য সামনে এসেছে, তার তদন্ত অন্য কোনো সংস্থাকে দিয়ে করানোর প্রস্তাব দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায়। গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই প্রকল্পে আর্থিক নয়ছয় সহ সামগ্রিকভাবে যে পরিমাণে দুর্নীতি হয়েছে, তার তদন্ত করা স্বাস্থ্য দপ্তরের পক্ষে সম্ভব নয়। এসংক্রান্ত রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে জমা দেবেন তিনি। নিরপেক্ষ কোন তদন্তকারী সংস্থাকে দিয়ে যাতে ‘স্বাস্থ্যসাথী’ দুর্নীতির তদন্ত করানো যায়, সেজন্য’ও প্রস্তাব দেওয়া হবে বলে’ও স্বাস্থ্যমন্ত্রী জানান।

(বাইট- স্বাস্থ্যমন্ত্রী)

****

কাঁচাপাটের রেকর্ড উৎপাদনের পরেও বাজারে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি এবং চটকলগুলিতে কাঁচামালের সঙ্কটের অভিযোগ নিয়ে রাজ্য সরকার উদ্বিগ্ন। কাঁচাপাট মজুত করে কৃত্রিম

সঙ্কট তৈরি করা হচ্ছে কি না, তা খতিয়ে দেখতে শ্রম দপ্তরকে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে উৎপাদন কমার অজুহাতে হঠাৎ শিফট কমানো বা শ্রমিক ছাঁটাই না করার জন্যও চটকল কর্তৃপক্ষকে সতর্ক করেছে রাজ্য। নবান্নে গতকাল চটশিল্পের প্রতিনিধিদের সঙ্গে শ্রমমন্ত্রী অর্জুন সিংয়ের বৈঠকে এই সিদ্ধান্ত হয়।

উল্লেখ্য, আগামী ৫ই নভেম্বর জুট কমিশনারের ডাকা বিশেষজ্ঞ কমিটির বৈঠকে এই বিষয়গুলি পর্যালোচনা করা হবে। পাশাপাশি ১৫ নভেম্বর জুট অ্যাডভাইজরি গ্রুপের বৈঠকে কাঁচাপাটের নির্দিষ্ট মূল্য নির্ধারণের প্রস্তাবও খতিয়ে দেখার কথা।

****

হুগলী নদীর দুই দিকে কলকাতা ও হাওড়ার সৌন্দর্যায়ন, কলেজ স্ট্রিট ও ট্যাংরার চায়না টাউনের উন্নয়ন, নবদ্বীপের মায়াপুরকে সাজিয়ে তোলা সহ বেশ কিছু প্রকল্পের বাস্তবায়নে রাজ্য সরকার মৌ স্বাক্ষর করেছে। পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, এরকম নয়টি প্রকল্পের জন্যে ভারত সরকারের আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের অধীনে থাকা ন্যাশনাল বিল্ডিং কন্সট্রাকশন কর্পোরেশন লিমিটেড, KMDA ও সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে পুর ও নগর উন্নয়ন দপ্তর মৌ স্বাক্ষর করেছে। আগামীদিনে রাজ্যের বিভিন্ন শহরকে সাজিয়ে তোলার জন্যে আরও অনেক প্রকল্প হাতে নেওয়া হবে বলে তিনি জানিয়েছেন।

****

বক্সা থেকে অসম চলে যাওয়া বাঘিনীটিকে, ফের আলিপুরদুয়ারে ফিরিয়ে আনা হয়েছে। গতকাল অসমের কোকড়াঝাড়ে দীর্ঘ চেষ্টার পর বনকর্মীদের হাতে ধরা পড়ে সেই বাঘিনী।পাঁচটি জেসিবি ও তিনটি কুনকি হাতি দিয়ে দুপুরেই তাকে ঘিরে ফেলা হয়েছিল। তিন ঘণ্টার চেষ্টায় ঘুমপাড়ানি গুলি ছুঁড়তে সক্ষম হন বনকর্মীরা। সন্ধ্যার ঠিক আগে সফল হয় অভিযান। এরপর গতরাতেই বক্সার এনক্লোজারে নিয়ে আসা হয় বাঘিনীকে। পরে ছাড়া হয় জঙ্গলে। গোটা উদ্ধার কার্যে উপস্থিত ছিলেন বনমন্ত্রী মনোজকুমার ওঁরাও ।

****

প্রবল ঘূর্ণিঝড় মুরাসু স্থলভাগে প্রবেশের পর ধীরে ধীরে শক্তি হারাচ্ছে। এদিকে এর কোন প্রভাব এরাজ্যে না পড়লেও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজ পর্যন্ত কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকায় আকাশ মেঘলা থাকার সম্ভাবনা, কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে । তবে এরপর আগামী তিন চার দিন দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হবিবুর)

****

কালীপুজো ও দীপাবলি উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন রাত্রিকালীন EMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। শিয়ালদহ, ডানকুনি, বারাসত, বনগাঁ, হাসনাবাদ, রানাঘাট এবং ব্যারাকপুরের মধ্যে আগামী ৮, ৯, এবং ১০ নভেম্বর গভীর রাত পর্যন্ত মোট ছয় জোড়া অতিরিক্ত EMU স্পেশাল ট্রেন চালানো হবে। সমস্ত ট্রেন তাদের যাত্রাপথের প্রতিটি স্টেশনে থামবে। এছাড়াও, শিয়ালদহ (উত্তর), রানাঘাট এবং বারাসতে চালক দল-সহ একটি করে EMU রেক স্ট্যান্ডবাই রাখা হবে।

এদিকে, নৈহাটি জংশনে বিশেষ প্ল্যাটফর্মের ব্যবস্থা করা হয়েছে। আগামী ৮, ৯, ১০, ১১, ১২ এবং ১৩ নভেম্বর দুপুর দুটো থেকে রাত ১২ পর্যন্ত এক নম্বর প্ল্যাটফর্মে কোনও ট্রেন পরিচালনা হবে না।

****